



**উপজেলা পরিষদ**  
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার মার্চ/২০২৪ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ শাহাব উদ্দিন  
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী  
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।  
তারিখ ও সময় : ০৮-০৪-২০২৪খ্রিঃ, বেলা ১২:০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট “ক”

সভার প্রারম্ভে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                      | সিদ্ধান্ত                                                                                                                                                               | বাস্তবায়নে                                                            |
|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|------------------------------------------------------------------------|
| ১। <u>উপজেলা স্বাস্থ্য বিভাগ</u> : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, চর উমেদে একটি কমিউনিটি ক্লিনিক নির্মাণের জন্য সংশ্লিষ্ট কাগজপত্র সিবিএইচসি এর দপ্তরে মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী মহোদয়ের ডিও লেটারসহ পাঠানো হয়েছে। এ জন্য স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে উপজেলা চেয়ারম্যান মহোদয়কে বিশেষ কৃতজ্ঞতা জানান। এছাড়া আগামী ২৩-২৯ এপ্রিল ২০২৪ জাতীয় কৃষি নিয়ন্ত্রন সপ্তাহ পালিত হবে। উক্ত বিষয়ে জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।                                                                    | জাতীয় কৃষি নিয়ন্ত্রন সপ্তাহের বিষয়ে ব্যাপক প্রচার প্রচারণা করার সিদ্ধান্ত গৃহীত হয়।                                                                                 | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা                          |
| ২। <u>উপজেলা কৃষি বিভাগ</u> : উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ক. আউশ প্রগোদনার ইউনিয়ন ভিত্তিক বরাদ্দপত্র ইউপি চেয়ারম্যানগণের নিকট পৌঁচানো হয়েছে। দ্রুত আউশ প্রগোদনার প্রদানের নিমিত্ত চাষীদের তালিকা (অগ্রাধিকার ভিত্তিতে) তৈরিতে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণকে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন।                                                                                                                                                                                                                                                     | আউশ প্রগোদনার প্রদানের নিমিত্ত চাষীদের তালিকা (অগ্রাধিকার ভিত্তিতে) তৈরিতে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণকে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়।                              | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)                                       |
| ৩। <u>উপজেলা প্রাণিসম্পদ বিভাগ</u> : উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, আগামী ১৮-২২ এপ্রিল “প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী-২০২৪” উপলক্ষ্যে প্রাণিসম্পদ দপ্তর, কোম্পানীগঞ্জ, নোয়াখালী কর্তৃক নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।<br>ক. ১৮ এপ্রিল প্রাণিসম্পদ মেলা।<br>খ. ১৯ এপ্রিল টিকা প্রদান কর্মসূচি।<br>গ. ২০ এপ্রিল কুমিনাশক ট্রেনিং।<br>ঘ. ২১ এপ্রিল বিনামূল্যে দুধ ও ডিম বিতরণ।<br>ঙ. ২২ এপ্রিল প্রাণিসম্পদ সেবা সপ্তাহ সমাপনী ও পুরস্কার বিতরণ।<br>উক্ত কর্মসূচি যথাযথভাবে সম্পন্নের নিমিত্ত সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | “প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী-২০২৪” যথাযথভাবে উদ্‌যাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।                                                                                    | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা।                                          |
| ৪। <u>মৎস্য বিভাগ</u> : উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ক. কারেন্ট জাল, চরঘেরা জাল, বেহুন্দী জাল এবং মশারি জালসমূহ সারা বছরই নিষিদ্ধ। এ জালগুলো জব্দ ও বিনষ্টকরণে নিয়মিত অভিযান কার্যক্রম চলমান রয়েছে।<br>খ. নিবন্ধিত জেলেদের তালিকা হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে।                                                                                                                                                                                                                                                                              | ক. নিষিদ্ধ জালসমূহ জব্দ ও বিনষ্টকরণে নিয়মিত অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ. নিবন্ধিত জেলেদের তালিকায় প্রকৃত জেলেদের অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার (ভূমি)/ উপজেলা মৎস্য কর্মকর্তা কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ৫। <u>পরিবার পরিকল্পনা বিভাগ</u> : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                            | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।                                                                                                        | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কোম্পানীগঞ্জ, নোয়াখালী              |
| ৬। <u>এলজিইডি</u> : উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, নোয়াখালী সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                     | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।                                                                             | উপজেলা প্রকৌশলী কোম্পানীগঞ্জ, নোয়াখালী                                |
| ৭। <u>উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ</u> : উপজেলা শিক্ষা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                 | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।                                                                                                        | উপজেলা শিক্ষা অফিসার                                                   |

|                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                         |                                                                                                                                                                   |                                                                  |
|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|------------------------------------------------------------------|
| ৮। <b>যুব উন্নয়ন বিভাগ :</b> উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                  | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।                                                                                                  | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা                                     |
| ৯। <b>মহিলা বিষয়ক অধিদপ্তর :</b> উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                  | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।                                                                       | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা                                    |
| ১০। <b>সমবায় বিভাগ :</b> উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, নদী ভাঙ্গনের কারণে গাংচিল আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্পের ঋণ আদায় কার্যক্রম কম। এছাড়া ২০২২-২৩ অর্থবছরের সমবায় সমিতির অডিট কার্যক্রম সম্পন্ন হয়েছে।                                                                                                                                                                                                                                                                                                                                       | আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্পের ঋণ আদায় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।                                                                                  | উপজেলা সমবায় কর্মকর্তা                                          |
| ১১। <b>খাদ্য বিভাগ :</b> উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় উপস্থিত না থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                 | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।                                                                       | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক                                          |
| ১২। <b>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :</b> উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।                                                                                                                                                                                                                                                                                                                                                                                       | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।                                                                                                  | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>কোম্পানীগঞ্জ, নোয়াখালী      |
| ১৩। <b>পরিসংখ্যান বিভাগ :</b> উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                   | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।                                                                                                  | উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ                           |
| ১৪। <b>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর :</b> উপজেলা সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, উপজেলা পর্যায়ে বেসিক আইসিটি এবং ফ্রী-ল্যান্ডিং প্রশিক্ষণ আগামী ২৫ এপ্রিল সাক্ষাৎকার এবং ২৮ এপ্রিল থেকে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হবে। এছাড়া ই-ডিসি প্রকল্পের তথ্য হালনাগাদের কার্যক্রম চলমান রয়েছে।                                                                                                                                                                                                                                                      | সময়সূচি মোতাবেক প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্নের সিদ্ধান্ত গৃহীত হয়।                                                                                               | সহকারী প্রোগ্রামার,<br>কোম্পানীগঞ্জ, নোয়াখালী                   |
| ১৫। <b>বন বিভাগ :</b> উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, ২০১৯-২০ সালে সুফল প্রকল্পের অর্থায়নে চরএলাহী ইউনিয়নে ৫ কিলোমিটার সংযোগ সড়ক বাগান সৃজন করা হয়েছিল। উক্ত সড়কের সম্প্রসারণ ও উন্নয়ন কাজ করার জন্য গাছগুলো অপসারণের বিষয়ে এলজিইডি কর্তৃক তাগিদপত্র প্রেরণ করা হয়েছে। বাগানের মেয়াদ উত্তীর্ণ না হওয়ায় এবং গাছগুলি কাঠ ও জ্বালানীর অনুপযোগী হওয়ায় গাছগুলো বিক্রয়ের অযোগ্য। তাই গাছগুলো স্থানীয় উপকারভোগীদের মধ্যে বিতরণের সিদ্ধান্ত গ্রহণ প্রয়োজন। সড়কের উন্নয়ন ও সম্প্রসারণের কাজ শেষে পুনঃবনায়ন করার সিদ্ধান্ত গ্রহণ প্রয়োজন। | উক্ত গাছগুলোর বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।                                                                               | উপজেলা বন কর্মকর্তা<br>কোম্পানীগঞ্জ, নোয়াখালী                   |
| ১৬। <b>জনস্বাস্থ্য বিভাগ :</b> উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                             | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।                                                                                                  | উপ-সহকারী প্রকৌশলী<br>(জনস্বাস্থ্য)                              |
| ১৭। <b>ব্রাণ ও দুর্ঘটনা ব্যবস্থাপনা বিভাগ :</b> উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।                                                                                                                                                                                                                                                                                                                                                                                              | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।                                                                       | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা                              |
| ১৮। <b>সমাজসেবা বিভাগ:</b> উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, প্রতারকদের প্ররোচনায় ভাতাভোগীরা না বুঝে ওটিপি শেয়ার করার কারণে প্রতারকরা ভাতাভোগীদের টাকা নিয়ে যাচ্ছে। তাই ইউনিয়ন পর্যায়ে অধিকতর জনসচেতনতা সৃষ্টি করা প্রয়োজন।                                                                                                                                                                                                                                                                                                               | ভাতাভোগীরা যেন তাদের ফোনে আগত ওটিপি কারো সাথে শেয়ার না করে সে বিষয়ে ইউনিয়ন পর্যায়ে অধিকতর জনসচেতনতা সৃষ্টির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল),<br>কোম্পানীগঞ্জ,<br>নোয়াখালী। |
| ১৯। <b>বিদ্যুৎ বিভাগ:</b> আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) সভায় সভায় উপস্থিত না থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                        | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।                                                                       | আবাসিক প্রকৌশলী<br>(বিদ্যুৎ) কোম্পানীগঞ্জ,<br>নোয়াখালী।         |
| ২০। <b>ডিজিএম (পল্লী বিদ্যুৎ) :</b> ডিজিএম (পল্লী বিদ্যুৎ) সভায় জানান যে, বর্তমানে তীব্র তাপদাহ এবং গ্রীষ্মকাল মৌসুম শুরু হওয়ায় বিদ্যুতের চাহিদা বেড়ে যাওয়ায় (প্রায় ৩ গুন) প্রতিটি ফিডারে লোডশেডিং করা হচ্ছে। তবে আশা করা যাচ্ছে যে বিষয়টি সহনীয় পর্যায়ে চলে আসবে। সবাইকে ধৈর্যসহকারে বিদ্যুৎ বিভাগ তথা পল্লী বিদ্যুৎকে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন।                                                                                                                                                                                       | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।                                                                                                  | ডিজিএম (পল্লী বিদ্যুৎ),<br>কোম্পানীগঞ্জ,<br>নোয়াখালী।           |
| ২১। <b>পল্লী উন্নয়ন অফিস :</b> পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                     | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।                                                                                                  | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা                                   |
| ২২। <b>বিএডিসি বিভাগ :</b> উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                        | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।                                                                                                  | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি<br>(ক্ষুদ্র সেচ)                     |

|                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                  |                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                     |                                                                                                     |
|----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-----------------------------------------------------------------------------------------------------|
| ২৩। শিক্ষা প্রকৌশল অধিদপ্তর: উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা), কোম্পানীগঞ্জ, নোয়াখালী সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                    | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                    | উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা)                                                                         |
| ২৪। ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কোম্পানীগঞ্জ, নোয়াখালী তার দপ্তরের নিম্নবর্ণিত কার্যক্রম উপস্থাপন করেন।<br>ক. সঞ্চয় আদায় ফেব্রুয়ারি/২৪ পর্যন্ত- ৪.৪৭ লক্ষ টাকা।<br>খ. ঋণ বিতরণ ফেব্রুয়ারি/২৪ পর্যন্ত- ৭৬.৬৫ লক্ষ টাকা।<br>গ. ঋণ আদায় ফেব্রুয়ারি/২৪ পর্যন্ত- ৬৬.১৭ লক্ষ টাকা।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                         | সময়মত ঋণ আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                              | ব্যবস্থাপক<br>পল্লী সঞ্চয় ব্যাংক                                                                   |
| ২৫। ইসলামিক ফাউন্ডেশন: ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কোম্পানীগঞ্জ, নোয়াখালী সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                 | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                    | ফিল্ড সুপারভাইজার,<br>ইসলামিক ফাউন্ডেশন,<br>কোম্পানীগঞ্জ, নোয়াখালী।                                |
| ২৬। তথ্য কেন্দ্র: তথ্য সেবা কর্মকর্তা (তথ্য কেন্দ্র) সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                 | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                    | তথ্য সেবা কর্মকর্তা,<br>কোম্পানীগঞ্জ,                                                               |
| ২৭। চেয়ারম্যান, ০৫নং চরফকিরা ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, চাপরাশিরহাট বাজারে ৪০০ মিটার রাস্তা সংস্কার করা হয়নি; যার ফলে জনগণ দুর্ভোগ পোহাচ্ছে। উক্ত রাস্তাটি সংস্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়া দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                           | চাপরাশিরহাট বাজারে ৪০০ মিটার রাস্তা সংস্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং এছাড়া দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                    | উপজেলা প্রকৌশলী<br>কোম্পানীগঞ্জ, নোয়াখালী<br>ও<br>সহকারী কমিশনার (ভূমি)<br>কোম্পানীগঞ্জ, নোয়াখালী |
| ২৮. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP):<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটের, কোম্পানীগঞ্জ উপজেলা জানান, “উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)” -এর ৬ষ্ঠ পর্যায়ে (২০২১-২০২২) অবকাঠামো উন্নয়ন বাবদ বরাদ্দকৃত ৫০,০০০০০/=পঞ্চাশ লক্ষ টাকার (ট্যাক্স ও ভ্যাটব্যতীত) বিপরীতে (০৩)টি অবকাঠামো (Infrastructure) উপ-প্রকল্পের নম্বর: INF - ২০২১-২২-২০৭৫১০-০১হতে ০৩ উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য নিয়োগকৃত ঠিকাদার ০৩টিসংস্কার/নির্মাণ কাজ যথাযথ ভাবে সম্পন্ন করেছে, ঠিকাদার দাখিলকৃত বিল ৫১৯৪৩৮১.০০ (ট্যাক্স ও ভ্যাটসহ) উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য ঠিকাদার প্রতিষ্ঠানকে চূড়ান্ত কাজের বিল প্রদানের নিমিত্তে প্রকল্প ব্যবস্থাপনা অফিস থেকে অর্থ ছাড়ের জন্য উপজেলা পরিষদের অনুমোদন প্রয়োজন।                                                                                                                                                                                                                                                                                                                                    | “উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)” -এর ৬ষ্ঠ পর্যায়ে (২০২১-২০২২) অবকাঠামো উন্নয়ন বাবদ বরাদ্দকৃত ৫০,০০০০০/=পঞ্চাশ লক্ষ টাকার (ট্যাক্স ও ভ্যাটব্যতীত) বিপরীতে (০৩)টি অবকাঠামো (Infrastructure) উপ-প্রকল্পের নম্বর: INF - ২০২১-২২-২০৭৫১০-০১হতে ০৩ উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য নিয়োগকৃত ঠিকাদার ০৩টিসংস্কার/নির্মাণ কাজ যথাযথ ভাবে সম্পন্ন করেছে, ঠিকাদার দাখিলকৃত বিল ৫১৯৪৩৮১.০০ (ট্যাক্স ও ভ্যাটসহ) ঠিকাদার প্রতিষ্ঠানকে চূড়ান্ত বিল প্রদানের নিমিত্তে প্রকল্প ব্যবস্থাপনা অফিস থেকে অর্থ ছাড়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটের-কে অনুরোধ করা হয়।                                                                                                                     | ১) উপজেলা পরিষদ চেয়ারম্যান<br>২) উপজেলা নির্বাহী অফিসার<br>৩) উপজেলা প্রকৌশলী<br>৪) ইউডিএফ         |
| ২৯। উপজেলা পরিষদ বিবিধ:<br>(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদ্যুৎ বিল, সুইপার, মালির ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল, এডিপি, জাইকা, হাটবাজার, জলমহাল ও খেয়াঘাট ইজারা বিজ্ঞপ্তি ব্যয়, হাট বাজার ইজারাজনিত ব্যয়, ক্রোকারিজ ক্রয়, উপজেলা নির্বাহী অফিসারের অফিসের জন্য একটি টেবিল ক্রয়ের ব্যয় উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডে অর্থ জমা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(খ) উপজেলা পরিষদ লাইব্রেরী কাম-সাংস্কৃতিক কেন্দ্রের জন্য ০১টি কম্পিউটার, ০১টি প্রিন্টার, লাইব্রেরী ম্যানেজমেন্ট সফটওয়্যার, একটি কম্পিউটার টেবিল ও একটি চেয়ার ক্রয়ের বিষয়ে আলোচনা করা হয়।<br>(গ) উপজেলা পরিষদ মিলনায়তনে প্রজেক্টর হতে সাউন্ড সিস্টেমে সংযোগ প্রদানের জন্য একটি মাইক্রোফোন ক্যাবল ক্রয়ের বিষয়ে আলোচনা করা হয়।<br>(ঘ) উপজেলা পরিষদ লাইব্রেরী কাম-সাংস্কৃতিক কেন্দ্রের জন্য ৫০টি চেয়ার ও ০৪টি টেবিল ক্রয়ের বিষয়ে আলোচনা করা হয়। | (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদ্যুৎ বিল, সুইপার, মালির ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল এডিপি, জাইকা, হাটবাজার, জলমহাল ও খেয়াঘাট ইজারা বিজ্ঞপ্তি ব্যয়, হাট বাজার ইজারাজনিত ব্যয়, উপজেলা নির্বাহী অফিসারের অফিসের জন্য একটি টেবিল ক্রয়ের ব্যয় বিল উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডে অর্থ জমা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা পরিষদ লাইব্রেরী কাম-সাংস্কৃতিক কেন্দ্রের জন্য ০১টি কম্পিউটার, ০১টি প্রিন্টার, লাইব্রেরী ম্যানেজমেন্ট সফটওয়্যার, একটি কম্পিউটার টেবিল ও একটি চেয়ার ক্রয়ের ব্যয় বিল উপজেলা | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার<br>কোম্পানীগঞ্জ, নোয়াখালী                         |

|                                                                                                                                                                                                                                                                                                                                                                     |                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                               |  |
|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|--|
| <p>(ঙ) উপজেলা পরিষদ লাইব্রেরী কাম-সাংস্কৃতিক কেন্দ্রের নবনির্মিত ভবনে পর্দা লাগানো, সাইন বোর্ড লাগানো, ভবনের তিন পাশে মাটি ভরাট করা, ও ভবনের পিছনের সাইডে (পশ্চিম সাইডে) ইটের সলিং দিয়ে একটি রাস্তা নির্মাণের জন্য আলোচনা করা হয়।</p> <p>(চ) উপজেলা পরিষদের অফিস ক্যাম্পাস, আবাসিক এলাকা ও পুকুর পাড়ের চারপাশ পরিষ্কার পরিচ্ছন্ন করার বিষয়ে আলোচনা করা হয়।</p> | <p>পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(গ) উপজেলা পরিষদ মিলনায়তনে ব্যবহারের জন্য মাইক্রোফোন ক্যাবল ক্রয়ের ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(ঘ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদ লাইব্রেরী কাম-সাংস্কৃতিক কেন্দ্রের জন্য ৫০টি চেয়ার ও ০৪টি টেবিল ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(ঙ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদ লাইব্রেরী কাম-সাংস্কৃতিক কেন্দ্রের নবনির্মিত ভবনে পর্দা লাগানো, সাইন বোর্ড লাগানো, ভবনের তিন পাশে মাটি ভরাট করা, ও ভবনের পিছনের সাইডে (পশ্চিম সাইডে) ইটের সলিং দিয়ে একটি রাস্তা নির্মাণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(চ) উপজেলা পরিষদের অফিস ক্যাম্পাস, আবাসিক এলাকা ও পুকুর পাড় পরিষ্কার পরিচ্ছন্ন করার ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> |  |
|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|--|

কোম্পানীগঞ্জ উপজেলার শান্তি ও সমৃদ্ধির জন্য সবাইকে একসাথে কাজ করার আহবান জানানো হয়। ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যানকে উপজেলা পরিষদ সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোহাম্মদ শাহাব উদ্দিন)  
চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

স্মারক নম্বর : ০৫.৪২.৭৫২১.০০০.০৬.০০১.২৩-৪৫৪

তারিখ : ১৬ এপ্রিল ২০২৪

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

- ০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ০৫। জেলা প্রশাসক, নোয়াখালী।
- ০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী।
- ০৭। উপজেলা ..... কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
- ০৮। চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী

  
মো: আমেয়ার হোসাইন পাটোয়ারী  
উপজেলা নির্বাহী অফিসার  
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।  
ফোন : ০২৩৩৪৪৯৪২০৪